পওহারী বাবা।

স্বামী বিবেকানন্দ।



ভান্ত, ১৩১৬।

All Rights Reserved.]

[মৃশ্য ১০ তিন আনা

কলিকাতা।

১২, ১৩নং গোপালচন্দ্র নিমোগীর লেন, উদ্বোধন কার্য্যালয় হইতে স্থামী সত্যকাম কর্তৃক প্রকাশিত।

কলিকাত।।

৬৪।১ ও ৬৪।২ নং স্থকিয়া ষ্ট্রীট,
লক্ষ্মী প্রিন্টিং ওয়ার্কস্ হইতে
শ্রীসতীশচক্র ঘোষ দারা মুক্তিত।



পওহারী বাবা।

(গাজিপুরের বিখ্যাত সাধু ৷)

প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

তাপিত জগৎকে সাহান্য কর—ইহাই সর্বাশ্রেষ্ঠ কর্মা, ভগবান্
বৃদ্ধ ধর্ম্মের অন্যান্য প্রায় সকল ভাবকেই সেই সময়ের জন্য বাদ
দিয়া পূর্বেবাক্ত ভাবেরই প্রাধান্য দিয়া গিয়াছেন; কিন্তু তাঁহাকেও
স্বার্থপূর্ণ আমিত্বে আসক্তি যে সম্পূর্ণ ভ্রমমাত্র, ইহা উপলব্ধি
করিবার জন্য অনেক বর্ষ ধরিয়া আত্মানুসন্ধানে কাটাইতে হইয়াছিল। আমাদের উচ্চতম কল্পনাশক্তিও ইঁহা অপেক্ষা নিঃস্বার্থ
ও অশ্রান্ত কর্ম্মীর ধারণায় অক্ষম, কিন্তু তাঁহাকে সমুদর বিষয়ের
রহস্য বুঝিতে যেরূপ প্রবল সংগ্রাম করিতে হইয়াছিল, আর
কাহার তত্রপ দেখা যায় ? এ কথা সকল সময়েই খাটে যে,
কার্যা যে পরিমাণে মহন্তর, সেই পরিমাণে তাহার পশ্চাতে প্রত্যক্ষউপলব্ধি-জনিত শক্তি আছে। পূর্বব হইতেই প্রস্তুত একটা

স্থাচিন্তিত কার্য্যপ্রণালীর প্রত্যেক খুঁ টিনাটিকে কার্য্যে পরিণত করিবার জন্ম অধিক একাগ্র চিন্তাশক্তির প্রয়োজন না হইতে পারে, কিন্তু প্রবল শক্তিতরঙ্গসমূহ কেবল প্রবল একাগ্র চিন্তার পরিণাম মাত্র। সামান্য চেন্টার জন্ম হয়ত মতবাদমাত্রেই পর্যাপ্ত হইতে পারে, কিন্তু যে ক্ষুদ্র বেগের দ্বারা ক্ষুদ্র লহরীর উৎপত্তি হয়, তাহা অবশ্য প্রবল উর্ম্মির জনক তীব্র বেগ হইতে অতিশয় পৃথক্। তাহা হইলেও ঐ ক্ষুদ্র লহরীটা প্রবল উর্মিন্টিৎপাদন-কারী শক্তির এক ক্ষুদ্র অংশেরই বিকাশ মাত্র।

মন নিম্নতর কর্মাভূমিতে প্রবল কর্মাতরঙ্গ উত্থাপিত করিতে সক্ষম হইবার পূর্বের তাহাকে তথ্যসমূহের—আবরণহীন তথ্যসমূহের (উহারা বিকটদৃশ্য ও বিভাধিকাপ্রদ হইলেও) নিকট পৌছিতে হইবে; সত্যকে—খাঁটী সত্যকে (যদিও উহার তীব্র স্পাননে হাদরের প্রত্যেক তন্ত্রী ছিন্ন করিয়া ফেলিতে পারে) লাভ করিতে হইবে এবং নিঃস্বার্থ ও অকপট অভিসন্ধি (যদিও উহা লাভ করিতে একটীর পর আর একটী করিয়া প্রত্যেক অঙ্গাভ্রা লাভ করিতে একটীর পর আর একটী করিয়া প্রত্যেক অঙ্গাভ্রা লাভ করিতে একটীর পর আর একটী করিয়া প্রত্যেক অঙ্গাভ্রা লাভ করিতে একটীর পর আর একটী করিয়া প্রত্যেক অঙ্গাভ্রা কাটিয়া ফেলিতে হয়) উপার্চ্জন করিতে হইবে। সূক্ষম বস্তু কালচক্রে প্রবাহিত হইতে হইতে ব্যক্তভাব ধারণ করিবার জন্ম উহার চতুদ্দিকে স্থলবস্তুসমূহ একত্রিত করিতে থাকে; অদৃশ্য দৃশ্যের ছাঁচ ধারণ করে; সম্ভব বাস্তবে, কারণ কার্য্যে ও চিন্তা পৈশিক কার্য্যে পরিণত হয়।

সহস্র সহস্র ঘটনায় যে কারণকে এখন কার্য্যরূপে পরিণত হইতে দিতেছে না, তাহা শীঘ্র বা বিলম্বে কার্য্যরূপে প্রকাশিত হইবে; এবং এখন যতই শক্তিহীন হউক না কেন, জড়জগতে শক্তিশালী চিস্তার গৌরবের দিন আসিবে। আর যে আদর্শে ইন্দ্রিয়ন্ত্ব্থ প্রদানের সামর্থ্য হিসাবে সকল বস্তুর গুণাগুণ বিচার করে, সে আদর্শণ্ড ঠিক নহে।

যে প্রাণী যত নিম্নতর, সে ইন্দ্রিয়ে তত অধিক সুখ অনুভব করে, সে তত অধিক পরিমাণে ইন্দ্রিয়ের রাজ্যে বাস করে। সভ্যতা—যথার্থ সভ্যতা অর্থে বুঝা উচিত—বাফ স্থুখের পরিবর্ত্তে উচ্চতর রাজ্যের দৃশ্য দেখাইয়া ও তথাকার স্থুখ আস্বাদ করাইয়া পশুভাবাপন্ন মানবকে অতীন্দ্রিয় রাজ্যে লইয়া যাইবার শক্তি।

মানব প্রাণে প্রাণে ইহা জানে। সকল অবস্থায় সে ইহা
স্পান্টরূপে নিজেও না বুঝিতে পারে। ধ্যানময় জীবন সম্বন্ধে
তাহার হয়ত ভিন্ন মত থাকিতে পারে। কিন্তু এ সকল সন্তেও তাহার
প্রাণের এই স্বাভাবিক ভাব লুপ্ত হয় না, উহা সদাই প্রকাশ
হইবার চেক্টা করে—তাহাতেই সে বাজীকর, বৈছা, ঐক্রজালিক,
পুরোহিত অথবা বিজ্ঞানের অধ্যাপককে সম্মান না করিয়া থাকিতে
পারে না। মানব যে পরিমাণে ইক্রিয়ের রাজ্য ছাড়াইয়া আসিয়া
উচ্চ ভূমিতে বাস করিবার শক্তিলাভ করে, তাহার ফুসফুস
যে পরিমাণে বিশুদ্ধ চিস্তাবায় গ্রহণ করিতে পারে এবং যতটা

সময় সে এই উচ্চাবস্থায় থাকিয়া কাটাইতে পারে, তাহাতেই তাহার উন্নতির পরিমাণ হয়।

সংসারে ইহা দেখাও যায় এবং ইহার অবশ্যস্তাবিতা সহজেই
বুঝা যায় যে, উন্নত মানবগণ জীবন ধারণের জন্য হতটুকু
আবশ্যক, ততটুকু বাতীত তথা-কথিত আরামের জন্য সময় বায়
করিতে সম্পূর্ণ অসম্মত, আর হতই তাঁহারা উন্নত হইতে থাকেন.
ততই আবশ্যকীয় কার্যসমূহ পর্যন্ত করিতে তাঁহাদের উৎসাহ
কমিয়া আসিতে থাকে।

এমন কি, মানবের ধারণা ও আদর্শ অনুসারে তাহার বিলা সের ধারণা পর্যান্ত পরিবন্তিত হইতে থাকে। মানবের চেফা হয়, সে যে চিন্তা-জগতে বিচরণ করিতেছে, তাহার বিলাসের বস্তুগুলি যথাসম্ভব তদনুষায়ী হয়—আর ইহাই শিল্প।

"যেমন এক অগ্নি জগতে প্রবিষ্ট ইইয়া নানারূপে প্রকাশ পাইতেছে, অথচ যতটুকু ব্যক্ত ইইয়াছে, তাহা ইইতেও উহা অনেক বেশা"*—ঠিক কথা—অনস্তগুণে অধিক। এক কণা— সেই অনস্ত চিতের এক কণা— মাত্র আমাদের স্থখবিধানের জন্ম জড়ের রাজ্যে অবতরণ করিতে পারে—উহার অবশিষ্ট ভাগকে জড়ের ভিতর লইয়া আসিয়া আমাদের স্থুল কঠিন হস্তে এইরূপে নাড়াচাড়া করা যাইতে পারে না। সেই পরম

^{*} कर्छाश्राम् । २।२।३

সূক্ষ্ম পদার্থ সর্ববদাই আমাদের দৃষ্টিক্ষেত্র হইতে পলাইতেছে এবং আমাদের উহাকে আমাদের স্তব্যে আনিবার চেফায় উপহাস করিতেছে। এ ক্ষেত্রে মহম্মদকেই পর্বতের নিকট যাইতে হইবে—'না' বলিবার উপায় নাই। মানব যদি সেই উচ্চতর রাজ্যের সৌক্ষর্যা-রাশি সম্ভোগ করিতে চায়, যদি সে উহার বিমল আলোকে অবগাহন করিতে চায়, যদি সে আপন প্রাণ সেই জগৎকারণ জগৎপ্রাণের সহিত একযোগে নৃত্য করিতেছে, দেখিতে চায়, তবে তাহাকে তথায় উঠিতে হইবে।

জ্ঞানই বিশ্বর-রাজ্যের দার খুলিয়া দেয়, জ্ঞানই পশুকে দেবতা করে, এবং যে জ্ঞান আমাদিগকে সেই বস্তুর নিকট লইয়া যায়, য়াঁহাকে জানিলে আর সকলই জান। হয় (যশ্মিয়ৢ ভগবো বিজ্ঞাতে সর্বর্মিদং বিজ্ঞাতং ভবতি*)—যাহা সকল জ্ঞানের হৃদয় স্বরূপ, যাহার স্পন্দনে সমুদয় বিজ্ঞানের মৃত দেহে জ্ঞীবন সঞ্চার হয়—সেই ধর্ম্মবিজ্ঞানই নিশ্চিত সর্বর্শ্রেষ্ঠ, কারণ, উহাই কেবল মানবকে সম্পূর্ণ ধ্যানময় জ্ঞাবন যাপনে সমর্থ করে। ধনা সেই দেশ, য়াহা উহাকে "পরাবিত্যা" নামে অভিহিত করিয়াছে!

কর্মজীবনে তত্ত্বকে সম্পূর্ণরূপে প্রকাশিত প্রায় দেখিতে পাওয়া যায় না, কিন্তু তথাপি আদর্শটী কথনও নউ হয় না।
মুগুকোপনিষ্দ্র ১১১৩। একদিকে, আমাদের কর্ত্তন্য এই যে,—আমরা আদর্শের দিকে স্থানিদিফ পদক্ষেপেই অগ্রসর হই বা অতি ধীরে ধীরে অনসুভাব্য গতিতে উহার দিকে হামাগুড়ি দিয়াই অগ্রসর হই, আমরা যেন উহাকে কখনও বিশ্বৃত না হই। আবার অপর দিকে দেখা যায়, যদিও আমরা আমাদের চক্ষে হস্ত দিয়া উহার জ্যোতিকে ঢাকিয়া রাখিবার যথাসাধ্য চেক্টা করি, তথাপি উহা সর্ববদাই আমাদের সম্মুখে অস্পষ্টভাবে বিছামান রহিয়াছে।

আদর্শই কর্ম্মজীবনের প্রাণ। আমরা দার্শনিক বিচারই করি, অথবা প্রাত্যহিক জীবনের কঠোর কর্ত্তব্যসমূহই সম্পন্ন করিয়া যাই, আদর্শ আমাদের সমগ্র জীবনটাকে আচ্ছন্ন করিয়া বর্ত্তমান রহিয়াছে। আদর্শের রশ্মি নানা সরল বা বক্রে রেখায় প্রতিবিশ্বিত ও পরাবর্ত্তিত (Refracted) হইয়া আমাদের জীবন-গুহের প্রতি ছিদ্রপথে আসিতেছে, আর জ্ঞাতসারে বা অজ্ঞাত-সারে প্রত্যেক কার্য্যই ইহার আলোকে করিতে হয়, প্রত্যেক বস্তুই ইহার দারা পরিবর্তিত ও স্থরূপ বা কুরূপ প্রাপ্ত ভাবে দেখিতে হয়। আমরা এক্ষণে যাহা, আদর্শই আমাদিগকে তাহা করিয়াছে, আর আদর্শই আমাদিগকে ভবিষ্যুতে যাহা হইৰ, তাহা করিবে। আদর্শের শক্তি আমাদিগকে আচ্ছাদন করিয়া রাখিয়াছে, আর আমাদের স্থথে তুঃখে, আমাদের বড় বা ছোট কাষে এবং আমাদের ধর্মাধর্ম্মে উহা অনুভূত হইয়া থাকে।

যদি কর্ম্মজীবনের উপর আদর্শের এইরূপ প্রভাব হয়, কর্ম্মজীবনও আদর্শ গঠনে তদ্রপ কম শক্তিমান্ নছে। আদর্শের
সভ্য কর্ম্মজীবনেই প্রমাণিত। আদর্শের পরিণতি কর্ম্মজীবনের
প্রত্যক্ষ অনুভবে। আদর্শ থাকিলেই প্রমাণিত হয় যে,
কোন না কোনখানে, কোন না কোনরূপে উহা কর্ম্মজীবনেও
পরিণত হইয়াছে। আদর্শ বৃহত্তর হইতে পারে. কিন্তু উহা কর্ম্মজীবনের ক্ষুদ্র ক্ষুদ্র অংশের বিস্তৃত ভাব মাত্র। আদর্শ অনেক
ভ্যালেই ক্ষুদ্র ক্ষুদ্র কর্ম্মবিন্দুর সমষ্টি ও সাধারণ ভাব মাত্র।

কর্মজীবনেই আদর্শের শক্তি প্রকাশ। কর্মজীবনের মধ্য দিয়াই উহা আমাদের উপর কার্য্য করিতে পারে। কর্ম্মজীবনের মধ্য দিয়া আদর্শ আমাদের জীবনে গ্রহণোপযোগী আকারে পরি-বর্ত্তিত হইয়া আমাদের ইন্দ্রিয়ানুভূতির ভূমিতে অবতরণ করে। কর্মাজীবনকে সোপান করিয়াই আমরা আদর্শে আরোহণ করি; উহারই উপর আমাদের আশা ভরসা সব রাখি; উহাই আমা-দিগকে কার্য্যে উৎসাহ দেয়।

যাহাদের বাক্যতৃলিকা আদর্শকে অতি স্থন্দর বর্ণে অক্কিত করিতে পারে অথবা যাহারা সূক্ষ্মতম তত্ত্বসমূহ উন্তাবন করিতে পারে এরপ লক্ষ লক্ষ ব্যক্তি অপেক্ষা এক ব্যক্তি—যে নিজ জীবনে উহাকে প্রতিফলিত করিতে পারিয়াছে—অধিক শক্তি-শালী। ধর্মের সহিত সংযুক্ত না হইলে এবং অল্ল বিস্তর কৃতকার্যাতার সহিত উহাকে কর্মজীবনে পরিণত করিতে বত্নবান্ একদল
অনুবর্ত্তী না পাইলে, মানবজাতির নিকট দর্শনশাস্ত্র-সমূহ
নিরর্থক প্রতীয়মান হয়, জোর উহা কেবল মানসিক ব্যায়াম
মাত্র বলিয়া গণ্য হইতে পারে। যে সকল মতে একটা
কিছু প্রত্যক্ষ বস্তু পাইবার আশা দের না, যখন কতকগুলি
লোকে সেইগুলিকে গ্রহণ করিয়া কতকটা কার্য্যে পরিণত করে,
উহাদেরও স্থায়িত্বের জন্য জনসঙ্গের আবশ্যক করে, আর উহার
অভাবে প্রত্যক্ষবাদাত্মক অনেক মত লোপ পাইয়াছে।

আমাদের মধ্যে অনেকেই চিন্তাশীলতা বা মননশীলতার সহিত কর্ম্মের সামঞ্জস্ম রাখিতে পারি না। কতকগুলি মহাত্মা পারেন। আমাদের মধ্যে অনেকেই বোধ হয়, গভারতাবে মনন করিতে যাইলে কার্যাশক্তি হারাইয়া ফেলি এবং অধিক কায়্য করিতে গোলে আবার গভার চিন্তাশক্তি হারাইয়া বিস। এই কারণেই অনেক মহামনস্বিগণকে, তাঁহারা যে সকল উচ্চ উচ্চ আদর্শ জাবনে উপ্লেক্তি করেন, সেই গুলি জগতে কার্য্যে পরিণত করিবার ভার কালের হস্তে শুস্ত করিয়া ঘাইতে হয়। যতদিন না অপেক্ষাকৃত ক্রিয়াশীল মস্তিক্ত আসিয়া উহাদিগকে কার্য্যে পরিণত ও প্রচার করিতেছেন, ততদিন তাঁহাদের মননরাশিকে অপেক্ষা করিয়া থাকিতে হইবে। কিন্তু এই কথা লিখিতে লিখিতেই আমরা যেন

দিব্যচক্ষে সেই পার্থসারথিকে দেখিতেছি, তিনি যেন উভঃ বিরোধা সৈশ্যদলের মধ্যে রথে দাঁড়াইর৷ বামহস্তে দৃপ্ত অন্যগণুকে সংবত করিতেছেন—বর্ম্মপরিহিত যোদ্ধ্রেশ—প্রথর দৃষ্টি দ্বারা সমবেত রহৎ সৈশ্যরাশিকে দর্শন করিতেছেন এবং গেন স্বাভাবিক জ্ঞানের দ্বারা উভয় দলের সৈশ্যসজ্জার প্রত্যেক খুঁটিনাটি পর্যান্ত ওজন করিয়া দেখিতেছেন—আবার অপর দিকে, আমরা যেন, ভাতি-প্রাপ্ত অর্জ্জ্নকে চমকিত করিয়া তাঁহার মুখ হইতে কর্মের অত্যন্তুত রহস্য বাহির হইতেছে, শুনিতেছি—

"কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেদকর্ম্মণি চ কর্ম্ম যঃ। স বুদ্ধিমান মনুষ্যেরু স যুক্তঃ কৃৎস্লকর্ম্মকৃৎ॥"

—ভগবদগীতা।

যিনি কর্ম্মের মধ্যে অকর্ম্ম অর্থাৎ বিশ্রাম বা শান্তি এবং অকর্ম্মে অর্থাৎ শান্তির ভিতর কর্ম্ম দেখেন, মনুগুগণের মধ্যে তিনিই বুদ্ধিমান, তিনিই যোগী, তিনিই সকল কর্ম্ম করিয়াছেন।

ইহাই পূর্ণ আদর্শ। কিন্তু খুব কম লোকে এই আদর্শে পঁছছিয়া থাকে। স্থতরাং আমাদিগকে যেমনটা আছে, তেমনটাই লইতে হইবে এবং বিভিন্ন ব্যক্তিতে প্রকাশিত মানবের বিভিন্ন প্রকারের চরিত্রবিকাশগুলিকে লইয়া একত্র প্রথিত করিয়াই সম্ভষ্ট হইতে হইবে।

🚤 ধর্ম্মাবলম্বাদের ভিতর আমরা তাত্র চিন্তাশীল (জ্ঞানযোগী),

অপরের সাহায্যের জন্ম প্রবল কর্মানুষ্ঠানকারী (কর্মযোগী), সাহসের সৃহিত আত্মসাক্ষাৎকারে অগ্রসর (রাজযোগী) এবং শাস্ত ও বিনয়ী ব্যক্তি (ভক্তিযোগী) দেখিতে পাই।

দ্বিতীয় অধ্যায়।

বর্ত্তমান প্রবন্ধে যাঁহার চরিত্র সংক্ষেপে বর্ণিত হইবে, তিনি একজন অন্তত বিনয়ী ও উজ্জ্বল আত্মতন্ধদ্যটা ছিলেন।

পওহারী বাবা (শেষজীবনে ইনি এই নামে অভিহিত হইতেন)
বারাণসী জেলার গুজী নামক স্থানের নিকটবর্ত্তী এক গ্রামে
ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করেন। তিনি অতি বাল্যকালেই গাজিপুরে
তাঁহার পিতৃব্যের নিকট বাস ও তাঁহার নিকট শিক্ষা করিবার
জন্ম আসিলেন।

বর্ত্তমানকালে হিন্দু সাধুর!—সন্মাসী, যোগী, বৈরাগী ও পক্ষী প্রধানতঃ এই চার সম্প্রদায়ে বিভক্ত হইয়া থাকেন। সন্মাসীরা শঙ্করাচার্য্যের মভাবলম্বী অদৈতবাদী। যোগীরা যদিও অদৈতবাদী, তথাপি তাঁহারা বিভিন্ন যোগপ্রণালীর সাধন করিয়া থাকেন বলিয়া তাঁহাদিগকে স্বভন্ত শ্রেণীরূপে পরিগণিত করা হয়। বৈরাগীরা রামাসুক্ত ও অন্তান্ত দ্বৈতবাদী আচার্য্যগণের অসুবর্ত্তী। মুসলমান-

রাজ্ঞ্যের সময় যে সকল সম্প্রদায় প্রতিষ্ঠিত হইয়াছে, তাঁহাদিগকে পন্থা বলে—ই হাদের মধ্যে অদৈত ও দৈত উভয় প্রকার মতা—বলম্বীই দেখিতে পাওয়া যায়। পওহারী বাবার পিতৃব্য রামানুক্ত বা শ্রী সম্প্রদায়ভুক্ত একজন নৈষ্ঠিক ব্রহ্মচারী ছিলেন—অর্থাৎ তিনি আজীবন অবিবাহিত জীবন যাপন করিবেন, এই ব্রত লইয়াছিলেন। গাজিপুরের চুই মাইল উত্তরে গঙ্গাতীরে তাঁহার একখণ্ড জমি ছিল, তিনি সেই খানেই বাস করিয়াছিলেন। তাঁহার অনেকগুলি ভাতু—শ্রুক্র ছিল বলিয়া তিনি পওহারী বাবাকে নিজের বাটীতে রাখিয়া-ছিলেন, আর তাঁহাকেই তাঁহার বিষয় ও পদের উত্তরাধিকারী মনোনীত করিয়াছিলেন।

পওহারী বাবার এই সময়কার জীবনের ঘটনা বিশেষ কিছু জানা যায় না। যে সকল বিশেযত্বের জন্ম ভবিষ্যুৎ জীবনে তিনি এরূপ স্থপরিচিত হইয়াছিলেন, সে সকলের কোন লক্ষণ তথন তাঁহাতে প্রকাশ হইয়াছিল বলিয়াও বোধ হয় না। এই টুকুই লোকের স্মরণ আছে যে, তিনি ব্যাকরণ, স্থায় এবং নিজ সম্প্রান্থের ধর্ম্মগ্রান্থসমূহ অতিশয় মনোযোগের সহিত অধ্যয়ন করিত্ব—এদিকে থুব চট্পটে ও আমুদে ছিলেন। সময়ে সময়ে এই আমোদের মাত্রা এত বাড়িয়া উঠিত যে, তাঁহার সহপাঠী ছাত্রগণকে তাঁহার এই রঙ্গপ্রিয়তার ফলে বিলক্ষণ ভুগিতে হইত।

এইরূপে প্রাচীন ধরণের ভারতীয় ছাত্রজীবনের দৈনন্দিন কার্য্যের ভিতর দিয়া ভাবী মহাত্মার বাল্যজীবন কার্টিতে লাগিল; আর তাঁহার অধ্যয়নে অসাধারণ অমুরাগ ও ভাষানিক্ষায় অপূর্বব পটুতা ব্যতীত সেই সরল, সদানন্দময়, ক্রীড়াশীল ছাত্রজীবনে এরূপ কিছু পরিচয় পাওয়া ধায় নাই, বাহাতে তাঁহার ভবিষ্যুৎ জীবনের সেই প্রবল গান্তীর্যা সূচিত করিবে—যাহার চূড়ান্ত পরি-ণাম এক অত্যদ্ভুত ও ভরানক আত্মান্ততি—যখন সকলের নিকটই উহা কেবল অতাত্তের এক কিম্বনন্তাম্বরূপ হইয়া দাঁড়াইয়াছিল।

এই সময়ে এমন এক ঘটনা ঘটিল, যাহাতে এই অধ্যয়নশীল
যুবক সম্ভবতঃ এই প্রথম জাবনের গভার মর্ম্ম প্রাণে প্রাণে বুঝিল;
এতদিন তাহার যে দৃষ্টি পুস্তক-নিবদ্ধ ছিল, তখন তাহা উঠাইয়া
সে নিজ মনোজগৎ তন্ধ ভাবে পর্য্যবেক্ষণ করিতে লাগিল;
ধর্মের মধ্যে পুঁথিগত বিভা ছাড়া যথার্থ সত্য কিছু আছে কি না,
তাহা জানিবার জন্ম তাহার প্রাণ ব্যাকুল হইল—তাহার পিতৃব্যের
দেহতাগে হইল। যে এক মুখের দিকে চাহিয়া সে জাবন ধারণ
করিত, যাঁহার উপর এই যুবক-হদয়ের সমুদ্য় ভালবাসা নিবদ্ধ
ছিল, তিনি চলিয়া গেলেন; তখন সেই উদ্দাম যুবক হাদয়ের
অক্তম্তলে শোকাহত হইয়া ঐ শৃন্মস্থান পূরণ করিবার জন্ম এমন
বস্তুর অন্তেধণে দৃতৃসক্ষয় হইল, যাহার কখন পরিণাম নাই।

ভারতে সকল বিধয়ের জন্মই আমাদের গুরুর প্রয়োজন হয়।

আমরা হিন্দুরা বিশ্বাস করি, পুস্তক কেবল তত্ত্বিশেষের ভাসা ভাসা বর্ণনা মাত্র। সকল শিল্পের, সকল বিভার, সর্বেবাপরি ধর্ম্মের জীবন্ত রহস্ত-সমূহ গুরু হইতে শিয়ে সঞ্চারিত হওয়া চাই।

স্মরণাতীত কাল হইতে ভারতে দৃঢ় অমুরাগী ন্যক্তিগণ অন্ত-চ্ছাবিনের রহস্থ নির্বিদ্নে আলোচনার জন্ম সর্বিদাই লোকালয় পরিত্যাগ করিয়া অতি নিভৃত স্থানসমূহে গিয়া বাস করিয়াছেন, আর এখনও এমন একটা বন, পর্ববত বা পবিত্রস্থান নাই, কিম্বদন্তী যাহাকে কোন মহাত্মার বাসস্থান বলিয়া উহার অঙ্গে পবিত্রতার মহিমা মাখাইয়া না দেয়।

তার পর এই উক্তিটীও সর্বক্ষনপ্রাসিদ্ধ যে, "রমতা সাধু, বহতা পানি। যহ কভি না মৈল লগানি॥"

অর্থাৎ যে জল প্রবাহিত হয়, তাহা যেমন বিশুদ্দ থাকে, তদ্ধপ বে সাধু ভ্রমণ করিয়া বেড়ান,তিনিও তদ্ধপ পবিত্র থাকেন। ভারতে যাঁহারা ব্রহ্মচর্ব্য অবলম্বন করিয়া ধর্ম্মজীবন গ্রহণ করেন, তাঁহারা সাধারণতঃ ভারতের বিভিন্ন প্রাদেশে বিচরণ করিয়া বিভিন্ন তীর্থ ও দেবমন্দির দর্শন করিয়াই অধিকাংশ জীবন কাটাইয়া থাকেন—কোন জিনিষ যেমন সর্ববদা নাড়াচাড়। করিলে ভাহাতে মরিচা ধরে না, ভাহার! বলেন, এইরূপ ভ্রমণে তাঁহাদের মধ্যেও তদ্ধপ মলিনতা প্রবেশ করিবে না। ইহাতে আর এক উপকার হয় এই যে,তাঁহারা প্রত্যেক ব্যক্তির দ্বারে ধর্ম্ম বহন করিয়া লইয়া যান। যাঁহারা সংসার ত্যাগ করিয়াছেন, তাঁহাদের সকলের পক্ষেই ভারত্বের চারি কোণে অবস্থিত চারিটী প্রধান স্থান (চার ধাম—উত্তরে বদরী কেদার, পূর্বের পুরী, দক্ষিণে সেতৃবন্ধ রামেশ্বর ও পশ্চিমে দ্বারকা) দর্শন করা একরূপ অবশ্য কর্ত্তব্য বলিয়াই বিবেচিত হয়।

পূর্বেবাক্ত সমুদয় বিষয়গুলিই আমাদের যুবক ব্রক্ষচারীর ভারতভ্রমণের পক্ষে প্রবল প্ররোচক কারণ হইয়া থাকিতে পারে, কিন্তু আমরা নিশ্চয় করিয়া বলিতে পারি, জ্ঞানতৃষ্ণাই তাঁহার ভ্রমণের সর্ববপ্রধান কারণ। আমরা তাঁহার ভ্রমণ সম্বন্ধে থুব অল্পই জানি, তবে তাঁহার সম্প্রদায়ের অধিকাংশ গ্রন্থ ভাষায় লিখিত, সেই দ্রাবিড় ভাষায়মূহে তাঁহার জ্ঞান দেখিয়া এবং শ্রীচৈতত্যসম্প্রদায়ভুক্ত বৈষ্ণবগণের প্রাচীন বাঙ্গালা ভাষার সম্পূর্ণ পরিচয় দেখিয়া আমরা অনুমান করি, দাক্ষিণাত্যে ও বাঙ্গালা দেশে তাঁহার স্থিতি বড় অল্প দিন হয় নাই।

কিন্তু তাঁহার একটা স্থানে গমনের সম্বন্ধে তাঁহার যৌবন-কালের বন্ধুগণ বিশেষরূপ জোর দিয়া বলিয়া থাকেন। তাঁহারা বলেন, কাঠিয়াওয়াড়ে গিরনার পর্ববতের শীর্ষদেশে তিনি প্রথমে যোগসাধনার রহস্তে দীক্ষিত হন।

এই পর্ববতই বৌদ্ধদের চক্ষে অতি পবিত্র ছিল। এই

পর্ববতের পাদদেশে সেই স্থবৃহৎ শিলা বিভ্যমান, যাহার উপর সমাট্কুলের মধ্যে ধার্ম্মিকচূড়ামণি ধর্ম্মাশোকের সর্ববপ্রথমে আবিক্তৃত অনুশাসন খোদিত আছে। উহার নিম্মদেশে শত শত শতাব্দার বিশ্বতির অন্ধকারগর্ভে লীন হইয়া অরণ্যাবৃত বৃহৎকায় স্তৃপরাজি ছিল—ঐ গুলিকে অনেকদিন ধরিয়াই গিরনার পর্ববত্ত্রোণীর ক্ষুদ্র ক্ষুদ্র শৈলমালা বলিয়া লোকে মনে করিত। এখনও উহাকে সেই ধর্ম্মসম্প্রদায় বড় কম পবিত্র মনে করে না—বৌদ্ধধর্ম এক্ষণে যাহার পুনঃসংশোধিত সংক্ষরণ বলিয়া বিবেচিত হয়—আর আশ্চর্যের বিষয়, যাহা তাহার জগজ্জয়ী উত্তরাধিকারী আধুনিক হিন্দুধর্ম্মে মিশিয়া যাইবার পূর্ব্ব পর্যান্ত সাহসপূর্বক স্থাপত্যক্ষেত্রে বিজয়লাভ করিবার চেষ্টা করে নাই।

তৃতীয় অধ্যার।

মহাযোগী অবধৃতগুরু দত্তাত্রেরের পবিত্র । নিবাসভূমি বলিয়া গিরনার হিন্দুদিগের মধ্যে বিখ্যাত; আর কিম্বদন্তী আছে যে, এই পর্ববতের চূড়ায় সোভাগ্যবান্ ব্যক্তিগণ এখনও বড় বড় সিদ্ধ যোগীর সাক্ষাৎ পাইয়া থাকেন। তার পর আমর। দেখিতে পাই, এই যুবক ব্রহ্মচারী বারাণসীর নিকটে গঙ্গাতীরে জনৈক যোগসাধক সন্ন্যাসীর শিশুরূপে বাস বরেন— এই সন্ন্যাসীটী নদীর উচ্চ তটভূমির উপর খনিত একটী গর্ন্তে বাস করিতেন। আমাদের প্রবন্ধের বিষয়ীভূত মহাত্মা যে পরজীবনে গাজিপুরের নিকট গঙ্গাতীরে এক ভূখণ্ড খনন করিয়া তন্মধ্যে এক গভীর বিবর প্রস্তুত করিয়া বাস করিতেন, তাহা যে ইঁহার নিকটেই শিখিয়াছিলেন, এটী বেশ বুকিতে পারা যায়।

যোগীরা যোগাভ্যাসের স্থাবিধার জন্য সর্ববদাই গুহায় অথবা যেখানকার আনহাওয়ার কোনরূপ পরিবর্তন নাই এবং যেখানে কোন শব্দ মনকে বিচলিত করিতে না পারে, এমন স্থানে, বাস করিবার উপদেশ দিয়া গিয়াছেন।

আমরা আরও জানিতে পারি যে, তিনি প্রায় এই সময়েই বারাণসীতে জনৈক সন্ন্যাসীর নিকট অদৈতবাদ শিক্ষা করিতেছিলেন।

অনেক বর্ষ ভ্রমণ, অধ্যয়ন ও সাধনার পর এই ব্রক্ষাচারী যুবক, যে স্থানে বাল্যকালে প্রতিপালিত হইয়াছিলেন, তথায় ফিরিয়া আসিলেন। সম্ভবতঃ তাঁহার পিতৃব্য যদি জীবিত থাকিতেন, তবে এই বালকের মুখমগুলে সেই জ্যোতিঃ দেখিতে পাইতেন, যাহা প্রাচীনকালে জনৈক শ্রেষ্ঠতর ঋষি তাঁহার শিষ্যের মুখ দেখিয়া বলিয়া উঠিয়াছিলেন, 'ব্রহ্মবিদিব সোম্য ভাসি' *—হে সৌম্য, আজ ভোমার মুখ যে ব্রহ্ম-জ্যোভিতে দীপ্তি পাইতেছে, দেখিতেছি। কিন্তু যাঁহারা তাঁহাকে গৃহপ্রত্যাবর্ত্তনে স্থাগত অভ্যর্থনা করিলেন, তাঁহারা তাঁহার বাল্য—কালের সঙ্গামাত্র—তাঁহাদের অনেকেই সংসারে প্রবেশ করিয়াছিলেন—সংসার চিরদিনের জন্ম তাঁহাদিগকে বাঁধিয়াছিল—যে সংসারে চিস্তাশীলতা অল্ল, কিন্তু কর্ম্ম অনস্ত।

তথাপি তাঁহার। তাঁহাদের পঠদদশার বন্ধু ও ক্রীড়াসঙ্গীর (যাঁহার ভাব বুঝিতে তাঁহার। অভ্যস্ত ছিলেন) সমুদয় চরিত্র ও ব্যবহারে এক পরিবর্ত্তন—রহস্থময় পরিবর্ত্তন লক্ষ্য করিলেন—ঐ পরিবর্ত্তন দেখিয়। তাঁহাদের হৃদয়ে ভয়বিস্ময়ের উদ্রেক হ ইল। কিন্তু উহাতে তাঁহাদের হৃদয়ে তাঁহার মতন হইবার ইচ্ছা, অথবা তাঁহার লায় তত্বায়েয়ণ-স্পৃহা জাগরিত হইল না। তাঁহারা দেখিলেন, এ এক অভুত মানব—এই যন্ত্রণা ও জড়বাদপূর্ণ সংসারের বাহিরে একেবারে চলিয়া গিয়াছে—এই পর্যন্ত । তাঁহারা সভাবতঃই তাঁহার প্রতি গভীব শ্রহাসম্পন্ন হইলেন, আর কোন প্রশা জিজ্ঞাসা করিলেন না।

ইতিমধ্যে এই মহাত্মার বিশেষত্বসমূহ দিন দিন অধিকতর পরিস্ফুট হইতে লাগিল। বারাণসীর সন্নিকটবাসী তাঁহার

[•] ছান্দোগ্য উপনিষদ।

গুরুর মত, তিনিও ভূমিতে একটী গর্ত্ত খনন করিয়া তন্মধ্যে যাইতে লাগিলেন এবং অনেক ঘণ্টা ধরিয়া বাস করিতে লাগিলেন। তার পর তিনি আহার সম্বন্ধে অতি ভয়ানক কঠোর সংযম আরম্ভ করিলেন। সারাদিন তিনি নিজের ছোট আশ্রমটীতে কার্য্য করিতেন, তদীয় পরম প্রেমাস্পদ প্রভু রামচন্দ্রের পূজা করিতেন, উত্তম খাছ্ম রন্ধন করিয়া (কথিত আছে, তিনি রন্ধনবিভায় অসাধারণ পটু ছিলেন) ঠাকুরকে ভোগ দিতেন, তার পর সেই প্রসাদ বন্ধুবান্ধবগণ ও দরিদ্রদের মধ্যে বণ্টন করিয়া দিতেন এবং অনেক রাত্রি পর্যান্ত তাহা-দের সেবা করিতেন। তাহারা সকলে যখন শয়ন করিত, তখন এই যুবক গোপনে সন্তরণ দারা গঙ্গা পার হইয়া উহার অপর তীরে যাইতেন। তথায় সারা রাত সাধনভজনে কাটাইয়া উষার পূর্বেবই ফিরিয়া আসিয়া বন্ধুবর্গকে জাগাইতেন এবং পুনর্বার সেই নিতা কার্য্য আরম্ভ করিতেন, আমরা যাহাকে ভারতে 'অপরের সেবা বা পূজা' বলিয়া থাকি।

ইতিমধ্যে তাঁহার নিজের খাওয়াও কমিয়া আসিতে লাগিল, অবশেষে, আমরা শুনিয়াছি, উহা প্রত্যহ এক মুঠা তেঁত নিম পাতা বা কয়েকটা লক্ষা মাত্রে দাঁড়াইল। তারপর তিনি গঙ্গার অপর পারের জঙ্গলে যে প্রত্যহ রাত্রে সাধনের জন্ম যাইতেন, তাহা ক্রেমশঃ কমিয়া যাইতে লাগিল এবং তিনি

তাঁহার প্রস্তুত গুহাতে বেশী বেশী বাস করিতে লাগিলেন।
আমরা শুনিয়াছি, সেই গুহায় তিনি দিনের পর দিন ও মাসের
পর মাস ধ্যানমগ্ন হইয়া থাকিতেন, তার পর বাহির হইতেন।
এই দীর্ঘকাল তিনি কি খাইয়া থাকিতেন, তাহা কেহই জানে
না, তজ্জন্য লোকে তাঁহাকে পও-আহারী অর্থাৎ বায়ুভক্ষণকারী
বাবা বলিতে আরম্ভ করিল।

তিনি তাঁহার জীবনে কখন এই স্থান ত্যাগ করেন নাই।

"একবার তিনি এত অধিকদিন ধরিয়া ঐ গুহার মধ্যে ছিলেন
যে, লোকে তাঁহাকে মৃত বলিয়া স্থির করিয়াছিল। কিন্তু অনেক
দিন পরে আবার বাবা বাহির হইয়া বহুসংখ্যক সাধুকে এক
ভাণ্ডারা দিলেন।

যখন তিনি ধ্যানে মগ্ন না থাকিতেন, তখন তিনি তাঁহার গুহার মুখের উপরিভাগে অবস্থিত একটা গৃহে বাস করিতেন, আর এই সময়ে যাহারা তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসিত, তাহাদের সহিত সাক্ষাৎ করিতেন। তাঁহার যশঃ সৌরভ চতুর্দিকে বিস্তৃত হইতে লাগিল আর গাজিপুরের অহিফেনবিভাগের রায় গগনচন্দ্র বাহাতুর—যিনি স্বাভাবিক মহন্দ্র ও ধর্মপ্রেবণতার জন্ম সকলেরই প্রিয় হইয়াছেন—আমাদিগকে এই মহাত্মার সহিত আলাপ করাইয়া দেন।

ভারতের আরও অনেক মহাত্মার স্থায়, এই জীবনেও

কিছু বিশেষরূপ বহিজ্জগতের ক্রিয়াশীলত। ছিল না। সেই ভারতীয় আদর্শ যে, বাকোর দ্বারা নয়, জ্ঞীবনের দ্বারা শিক্ষা দিতে হইবে আর যাহারা সত্য ধারণ করিবার উপযুক্ত হইয়াছে, তাহাদেরই জ্ঞীবনে সত্য প্রতিফলিত হয়,—ইঁহার জ্ঞীবন তাহারই আর একটা উদাহরণ। এইরূপ ধরণের লোকের। যাহা তাঁহারা জ্ঞানেন, তাহা প্রচার করিতে সম্পূর্ণ অনিচ্ছুক, কারণ, তাঁহাদের দৃঢ় ধারণ। এই যে, বাক্যের দ্বারা নহে, ভিতরের সাধনা দ্বারাই সত্যলাভ হয়। ধর্ম্ম তাঁহাদের নিকট সামাজিক কর্ত্তব্যের প্ররোচক শক্তিবিশেষ নহে, উহা সত্যের দৃঢ় অনুসন্ধান এবং এই জ্ঞীবনেই উহার সাক্ষাৎকার শ্বরূপ।

তাঁহারা কালের এক মুহূর্ত্ত হইতে অপর মূহূর্ত্তের অধিকতর কিছু শক্তি আছে, একথা অস্বীকার করেন। অতএব অনস্তকালের প্রতি মুহূর্ত্তই অন্যান্ত মূহূর্ত্তের সহিত সমান বলিয়া তাঁহারা মৃত্যুর জন্য অপেক্ষা না করিয়া এখানেই এবং এখনই ধর্ম্মের সত্যসমূহ সাক্ষাৎ দর্শন করার উপর জাের দিয়া থাকেন।

বর্ত্তমান লেখক এক সময়ে এই মহাত্মাকে জগতের উপকার করিবার জন্ম গুহা হইতে বাহিরে ন। আসিবার কারণ জিজ্ঞাসা করেন। প্রথমতঃ, তিনি তাঁহার স্বাভাবিক বিনয় ও পরিহাস-রসিকতা সহকারে নিম্নলিখিত দৃঢ় উত্তর প্রদান করেনঃ—

"কোন তুষ্ট লোক কোন অন্থায় কার্য্য করিতেছিল, এমন

শময়ে এক ব্যক্তি ভাহাকে ধরিয়া ফেলে এবং শাস্তিস্বরূপে ভাহার নাক কাটিয়া দেয়। নিজের নাককাটা রূপ জগ**ং**কৈ কি**রূপে** দেখাইবে, ইহা ভাবিয়া সে অতিশয় লক্ষিত হইল ও নিজের প্রতি নিজে অতিশয় বিরক্ত হইয়া এক জঙ্গলে পলাইয়া গেল। তথায় দে একটা ব্যাঘ্রচর্ম্ম বিছাইয়া বসিয়া থাকিত আর এদিক্ ওদিকে কেহ আসিতেছে মনে হইলে অমনি গভীর ধ্যানের ভাণ করিত। এইরূপ ব্যবহারে লোকে সরিয়া যাওয়া দূরে থাকুক, দলে দলে লোকে এই অভুত সাধুকে দেখিতে এবং পূজ। করিতে আসিতে লাগিল। তখন সে দেখিল, এইরূপ অরণ্যবাসে আবার ভাহার मराङ कारिकानिर्वतारुत উপाग्न रहेल। এইরূপে বর্ষের পর বর্ষ চলিয়া গেল। অবশেষে সেই স্থানের লোকে এই মৌনব্রতধারী ধ্যানপরায়ণ সাধুর নিকট হইতে কিছু উপদেশ শুনিবার জন্ম ব্যস্ত হইন, বিশেষতঃ জনৈক যুবক সন্ন্যাসাশ্রমে দীক্ষিত হইবার জন্য বি**শে**ষ উৎস্থক হইল। শেষে এরূপ অবস্থা দাঁড়াইল যে**, আর** বিনন্ধ করিলে সাধুর প্রতিষ্ঠা একেবারে লোপ হয়। তখন সে একদিন মৌনব্রত ভঙ্গ করিয়া ঐ উৎসাহী যুবককে বলিল, 'আগামী কল্য একখানি ধারাল ক্ষুর লইয়া এখানে আসিও।' যুবকটী ভাহার জীবনের এই প্রধান আকাঞ্জা অতি শীঘ্রই পূর্ণ হইবে এই আশায় পরম আনন্দিত হইয়া পরদিন অতি প্রত্যুষে ক্লুর লইয়া উপস্থিত হইল। নাককাটা সাধু তাহাকে বনের এক অতি নিভূত

স্থানে লইয়া গেল, তার পর ক্ষুরখানি হাতে লইয়া উহা খুলিল এবং এক আঘাতে তাহার নাক কাটিয়া দিয়া গন্তীরবচনে বলিল, 'হে যুবক! আমি এইরূপে এই আশ্রমে দীক্ষিত হইয়াছি। সেই দীক্ষাই আমি তোমাকে দিলাম। এখন তুমিও স্থবিধা পাইলেই অপরকে নিরালস্থ হইয়া এই দীক্ষা দিতে থাক।' যুববটী লজ্জায় তাহার এই অন্তুত দীক্ষার রহস্থ কাহারও নিকট প্রকাশ করিতে পারিল না এবং সে সাধ্যাত্মসারে তাহার গুরুর আদেশ প্রতিপালন করিতে লাগিল। এইরূপে এক নাককাটা সাধু সম্প্রদায়ের উৎপত্তি হইয়া সমগ্র দেশ ছাইয়া ফেলিল। তুমি কি আমাকেও এইরূপ আর একটা সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা দেখিতে চাও ?"

ইহার অনেক পরে যখন তিনি অপেক্ষারত গন্তীরভাবে ছিলেন, ঐ বিষয়ে আর একবার প্রশ্ন করাতে তিনি উত্তর দিয়াছিলেন, "তুমি কি মনে কর, স্থুলদেহ দারাই কেবল অপরের উপকার সম্ভব ? একটী মন শরীরের সাহায্যনিরপেক্ষ হইয়া 'অপর মনসমূহকে সাহায্য করিতে পারে, ইহা কি সম্ভব বিবেচনা কর না ?"

অপর কোন সময়ে তাঁহাকে জিজ্ঞাসা করা হয়, তিনি এত বড় একজন যোগী, তথাপি তিনি প্রথম শিক্ষার্থীদের জন্ম উপদিষ্ট, শ্রীরঘুনাথজীর মূর্ত্তিপূজা, হোমাদি কর্ম্ম করেন কেন ? তাহাতে এই উত্তর হইল, "সকলেই নিজের কল্যাণের জন্মই কর্ম্ম করে, একথা তুমি ধরিয়া লইতেছ কেন ? একজন কি স্থুপরের জন্ম কর্ম্ম করিতে পারে না ?"

তার পর সকলেই সেই চোরের কথা শুনিয়াছেন—;স তাঁহার আশ্রামে চুরি করিতে আসিয়াছিল, সাধুকে দেখিয়াই সে ভাত হইয়া চুরি করা জিনিষের পোঁটলা ফেলিয়া পলাইল। সাধু সেই পোঁটলা লইয়া চোরের পশ্চাৎ পশ্চাৎ অনেক দূর জোরে দৌড়িয়া ভাহার নিকট উপস্থিত হইলেন; শেষে তাহার পদপ্রান্তে সেই পোঁটলা ফেলিয়া দিয়া করবোড়ে সজলনয়নে তাঁহার নিজকৃত ব্যাঘাতের জন্ম ক্ষমাপ্রার্থনা করিতে লাগিলেন ও অতি কাতরভাবে সেইগুলি লইবার জন্ম পীড়াপীড়ি করিতে লাগিলেন। তিনি বলিতে লাগিলেন, "এগুলি আমার নহে, তোমার।"

আমরা বিশ্বস্ত্র আরও শুনিয়াছি, একবার তাঁহাকে গোখরো সাপে দংশন করে এবং যদিও কয়েক ঘণ্টার জন্ম সকলে তাঁহাকে মৃত বলিয়াই স্থির করিয়াছিল, কিন্তু শেষে তিনি পুনরায় বাঁচিয়া উঠেন আর তাঁহার বন্ধুবর্থ তাঁহাকে ও সম্বন্ধে জিজ্ঞাসা করিলে, তিনি বলেন, "ঐ গোখরো সাপটী আমার প্রিয়তমের নিকট হইতে দূতস্বরূপে আসিয়াছিল (পাহন দেওতা আয়া)।

আর আমরা ইহা অনায়াসেই বিখাস করিতে পারি, কারণ, আমরা জানি, তাঁহার স্বভাব কিরূপ প্রাগাঢ় নম্রতা, বিনয় ও প্রেমে ভূষিত ছিল। সর্ববপ্রকার পীড়া তাঁহার নিকট সেই 'প্রেমাস্পদের নিকট হইতে দূতস্বরূপ' (পাহন দেওতা) ছিল আর যদিও তিনি ঐ সকল হইতে তীব্র পীড়া পাইতেন, তথাপি অপর লোকে পর্যাস্ত ঐ পীড়াগুলিকে অন্যনামে অভিহিত করিবে, ইহা তিনি সহা করিতে পারিতেন না।

এই অনাড়ম্বর প্রেম ও কোমলতা চতুদ্দিক্স লোকের মধ্যে বিস্তৃত হইতে লাগিল আর যাঁহারা ইহার চারিদিকের পল্লীগুলিতে ভ্রমণ করিয়াছেন, ভাঁহার।ই এই অদ্ভূত ব্যক্তির নীরব শক্তি-বিস্তারের সাক্ষ্য দিতে পারেন।

শেষাশেষি তিনি আর লোকজনের সঙ্গে দেখা করিতেন না।
যখন মৃত্তিকানিম্নবর্তী গুহা হইতে উঠিয়া আসিতেন, তখন লোকজনের সঙ্গে কথা কহিতেন বটে, কিন্তু মধ্যে দ্বার রুদ্ধ থাকিত।
তিনি যে গুহা হইতে উঠিয়াছেন, তাহা হোমের ধূম দেখিয়া অথবা
পূজার আয়োজনের শব্দে বুঝা যাইত।

তাঁহার এবটা বিশেষত্ব এই ছিল যে, তিনি কোন সময়ে যে কার্য্য করিতেন, তাহা যতই, তুচ্ছ হউক, তাহাতেই সম্পূর্ণ মগ্ন হইয়া যাইতেন। শ্রীরামচন্দ্রজীর পূজায় তিনি যেরূপ যত্ন ও মনোযোগ দিতেন, এবটা তাদ্রকুণ্ড মাজিতেও ঠিক তাহাই করিতেন। তিনি যে আমাদিগকে কর্ম্মরহস্থ সম্বন্ধে একবার বলিয়াছিলেন, "যন সাধন তন সিদ্ধি" অর্থাৎ 'সিদ্ধির উপায়কেও

এমন ভাবে আদরযত্ন করিতে হইবে, যেন উহাই সিদ্ধিম্বরূপ,' তিনি নিজেই তাহার উৎকৃষ্টতম দৃষ্টান্তম্বরূপ ছিলেন ৷

তাঁহার বিনয়ও কোনরূপ কফ যন্ত্রণা বা আত্মগ্রানিময় ছিল না। একবার তিনি আমাদিগের নিকট অতি স্থান্দরতাবে নিম্নালিখিত ভাবটা ব্যাখ্যা করিয়াছিলেন—"হে রাজন্, সেই প্রভূত্রগবান্ অকিঞ্চনের ধন—হাঁ, তিনি তাহাদেরই, বাহারা কোন বস্তুকে এমন কি, নিজের আত্মাকে পর্যান্ত আমার বলিয়া অধিকার করিবার ইচ্ছা ত্যাগ করিয়াছে"—এই ভাবের প্রত্যক্ষ উপলব্ধি করিয়াই তাঁহার স্বভাবতঃই এই বিনয় আসিয়াছিল।

তিনি সাক্ষাৎভাবে উপদেশ দিতে পারিতেন না, কারণ, তাহা হইলেই নিজে আচার্যাের পদ লওয়া হইল এবং নিজেকে অপরা-পেক্ষা উচ্চতর আসনে বসান হইল। কিন্তু একবার তাঁহার হৃদয়-প্রস্রবণ খুলিয়া গেলে তাহা হইতে অনস্ত জ্ঞানবারি উছলিতে থাকিত, তথাপি উত্তরগুলি সব সাক্ষাৎভাবে না হইয়া পরোক্ষভাবে হইত।

তাঁহার আকার দার্ঘ ও মাংসন ছিল, তিনি একচক্ষু ছিলেন এবং তাঁহার প্রকৃত বয়সাপেক্ষা তাঁহাকে অল্পবয়ক্ষ দেখাইত। তাঁহার তুল্য মধুর স্বর আমরা আর কাহারও শুনি নাই। তাঁহার জীবনের শেষ দশ বৎসর বা ততোধিক কাল তিনি সম্পূর্ণরূপে লোকচক্ষুর অন্তরালে অবস্থিত ছিলেন। তাঁহার গৃহবারের পশ্চাতে গোটাকতক আলুও একটু মাখম রাখিয়া দেওয়া হইত, কখন কখন, যখন তিনি সমাধিতে না থাকিতেন, তখন রাত্রে উহা লইতেন। গুহার মধ্যে থাকিলে ইহাও তাঁহার প্রয়োজন হইত না।

এইরূপে যোগশাস্ত্রের সত্যতার প্রত্যক্ষ প্রমাণস্বরূপ এবং পবিত্রতা, বিনয় ও প্রেমের জীবন্ত দৃষ্টান্তস্করপ এই নীরব জীবন অতিবাহিত হইতে লাগিল।

আমরা পূর্বেই বলিয়াছি, ধূম দেখিলেই তিনি সমাধি হইতে উঠিয়াছেন বুঝা যাইত। একদিন উহাতে পোড়া মাংসের গন্ধ পাওয়া যাইতে লাগিল। চতুদ্দিক্স লোকে বিছু ভির করিতে পারিল না। শেষে গন্ধ অসহা হইয়া উঠিল আর পুঞ্জীকৃত হইয়া ধূম উঠিতেছে দেখা গেল। শেষে তাহারা দ্বার ভাঙ্গিয়া ফেলিল—দেখিল, সেই মহাযোগী আপনাকে তাঁহার হোমাগিতে শেষ আছতিসক্রপ দিয়াছেন। তত্ত্বশ্বনের মধ্যে তাঁহার দেহ ভস্মাব-শিষ্ট হইল।

আমাদিগকে এখানে কালিদাসের সেই বাক্য স্মারণ করিতে হইবে,—

> অলোকসামাশুমচিন্ত্যহেতুকং। নিন্দন্তি মন্দাশ্চরিতং মহাজুনাং॥

> > —কুমারসম্ভব।

মন্দবৃদ্ধি ব্যক্তিগণ মহাত্মাগণের কার্য্যের নিন্দা করিয়া থাকেন, কারণ, সেই কার্যগুলি অসাধারণ এবং উহাদের কারণও লোকে ভাবিয়া স্থির করিতে পারে না।

তথাপি আমরা তাঁহাকে জানিতাম বলিয়া আমরা তাঁহার এই কার্য্যের কারণ সম্বন্ধে একটা আমুমানিক সিদ্ধান্ত বলিভে সাহসী হইতেছি। আমাদের বোধ হয়, মহাত্মা বুকিয়াছিলেন, তাঁহার শেষ সময় আসিয়াছে, তখন তিনি, এমন কি, মৃত্যুর পরেও মাহাতে কাহাকেও কম্ট দিতে না হয়,তজ্জ্ন্য সম্পূর্ণ স্কুস্থ শরীরে ও মুস্থ মনে আর্য্যোচিত এই শেষ আন্তৃতি দিলেন।

বর্ত্তমান লেখক এই পরলোকগত মহাত্মার নিকট গভীরভাবে খাণী—তচ্জ্বস্য তদীয় প্রেমাস্পদ ও তৎসেবিত, ভ্রেষ্ঠতম আচার্য্যদিগের মধ্যে অন্যতম এই মহাত্মার উদ্দেশে, ভাঁহার অযোগ্য হইলেও
পূর্ব্বাদাখিত কয়েক পংক্তি তৎকর্তৃক উৎসর্গীরত হইল।

সমাপ্ত'।

উদ্বোধন।

স্বামী বিবেকানন্দ প্রতিষ্ঠিত 'রামক্ক মিশন' পরিচালিত শাসিক পত্ত।
অগ্রিম বার্ষিক মূল্য সডাক ২ টাকা। উদ্বোধন-কার্যালয়ে স্বামী বিবেকানন্দের ইংরাজী ও বাঙ্গালা সকল গ্রন্থই পাওয়া যায়। উদ্বোধন-গ্রাহকের
পক্ষে বিশেষ স্থবিধা। নিয়ে দ্রন্থবাঃ—

উদ্বোধন-গ্রন্থাবলী।

স্বামী বিবেকানন্দ প্রণীত।

• পুস্তক	সাধারণের গ	ক্ষে	উদ্বোধন-গ্রাহকের পক্ষে
है : दाजी दां करयान (२ ग्र म	ংস্করণ)	3/	ધ ા •
" জ্ঞানযোগ (")	যন্ত্ৰস্থ ।	
্, ভক্তিযোগ (")	119/0	ه/ها
" কৰ্মযোগ (")	h•	# •
" The Science	and Philo-		
sophy of	Religion	3/	iq •
" A Study of I	Religion	3/	bę o
" Religion of I	Love	110/0	11.
My Master		11 •	1•
Pavhari Baba	a	J•	•∕ •
Thoughts on	Vedanta	119/0	! I ●
" Realisation a	ınd its		
Methods		h•	Hg/•
, l'aramhansa	Ramakrishn	a	
by P. C	. Majumdar	%	J•
্ৰ কথোপকখন (২	য়ে সংস্করণ)	বস্ত্র হ	

My Master পুস্তকথানি ॥ • আনায়	শইলে "পরমহংস	রামকৃষ্ণ*
বিনামূল্যে > থানি দেওয়া ধায়।		
ৰাঙ্গালা রাজ্যোগ (২য় সংস্করণ)	>	h•
, জানযোগ (,)	3/	ho
💃 😇 জ্রিযোগ (৩য় সংস্করণ)	110/0	19/1
্, কর্মযোগ (") যন্ত্রস্ত।		
" চিকাগো বক্তৃতা (২য় সংস্করণ)	i∕•	10
, ভাব্বার কথা	1/0	J.
🦼 পত্রাবলী, ১ম ভাগ, (২য় সংস্করণ)	•	l ₉ /•
" প্রাচ্য ও পা শ্চাত্য (৩ য় সংস্করণ)	ji ●	ه اروا
" পরিত্রাজ্ক (২য় সংস্করণ)	h.	 •
ু বী রবাণী (৩ য় সংস্করণ)	10	1•
ু ভারতে বিবেকান ন	> !! •	>/
্ব বর্ত্তমান ভারত (২য় সংস্করণ)	1•	1•
" মদীয় আচার্য্যদেব	10/0	Į•
্,' পণ্ডারী বাবা	J.	o/•

প্রীক্রীরামক্বফ উপদেশ (পকেট এডিশন), স্বামী ব্রহ্মানন্দ সক্ষণিত, মূল্য ।•, গীতা শুক্ষরতাস্থাদের পণ্ডিত প্রমণনাথ তর্কভ্ষণান্দিত, উদ্ভরাদ্ধ ১।•, পাণিনীয় মহাভাষ্য, পণ্ডিত মোক্ষদাচরণ সামাধ্যায়ী অনুদিত, মূল্য ৩॥• টাকা।

এতঘ্যতীত মিশনের যাবতীয় গ্রন্থ এবং শ্রীরামক্কফদেবের ও স্বামী বিবেকানন্দের নানা রকমের ফটো ও হাফটোন্ ছবি সর্বাদা পাওয়া যায়।

ঠিকানা---

উদ্বোধন কাৰ্য্যালয়,

১২, ১৩ নং গোপালচন্দ্র নিয়োগীর লেন, বাগবান্ধার, কলিকাতা।